

## মায়ানমারের রাখাইন প্রদেশের পরিস্থিতি

মায়ানমারের রাখাইন প্রদেশের সাম্প্রতিক পরিস্থিতি এবং ওই এলাকা থেকে শরণার্থী নির্গমনের বিষয়টি নিয়ে ভারত অত্যন্ত উদ্বিগ্ন।

রাখাইন প্রদেশে মায়ানমারের নিরাপত্তা বাহিনীর উপর জঙ্গি হামলার ঘটনায় আগেই আমরা গভীর নিন্দা করেছি। উভয় দেশই সম্ভ্রাসবাদ মোকাবিলায় তাদের দৃঢ় অঙ্গিকারের কথা পুনর্ব্যক্ত করেছে এবং কোনও পরিস্থিতিতেই একে সমর্থন করা হবে না।

সম্প্রতি মায়ানমারে প্রধানমন্ত্রীর সফরকালে, তিনি নিরাপত্তা বাহিনী এবং অন্যান্য নিরপরাধ মানুষের মৃত্যুর বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। শান্তি, সাম্প্রদায়িক সম্প্রীতি, ন্যায়বিচার, মর্যাদা এবং গণতান্ত্রিক মূল্যবোধের মাধ্যমে সমস্যা সমাধানের আহ্বান জানান তিনি।

প্রধানমন্ত্রীর সফরকালে রাখাইন প্রদেশের উন্নয়ন কর্মসূচির জন্য মায়ানমার সরকারকে ভারতের সহযোগিতার বিষয়ে সহমত তৈরি হয়েছে।

আমাদের আবেদন রাখাইন প্রদেশের পরিস্থিতি মোকাবিলা করতে বল এবং সেনাবাহিনীর পাশাপাশি সাধারণ মানুষের কল্যাণ ও মানবিকতার দিকটাতেও নজর দিতে হবে। এটা অত্যন্ত আবশ্যিক যে, দ্রুত সহিংসতা শেষ করতে হবে এবং রাষ্ট্রের স্বাভাবিক অবস্থা দ্রুত গতিতে ফিরিয়ে আনতে হবে।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ০৯, ২০১৭